তারিখ 3 JAN 2017
পৃষ্ঠা 2 6

# একসঙ্গে ৩২০০ শিক্ষার্থীর বিজ্ঞান ক্লাস!

নিজস্ব প্রতিবেদক, হাওরাঞ্চল ▷

তিন হাজার ২০০ জনেরও বেশি স্কুল শিক্ষার্থী নিয়ে বিশ্বের সবচেয়ে বড় বিজ্ঞানবিষয়ক ব্যবহারিক ক্লাস হতে যাচ্ছে কিশোরগঞ্জের কুলিয়ারচরে।

আগামী ১১ জানুয়ারি দিনব্যাপী এ আয়োজন করেছে উপজেলা প্রশাসন। এর উদ্দেশ্য গিনেস বিশ্ব রেকর্ড বুকে বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত করা।

গতকাল সোমবার কুলিয়ারচর উপজেলা প্রশাসন সংবাদ সম্মেলন করে এ কথা জানায়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ড. উর্মি বিনতে সালাম জানান, কুলিয়ারচর থানা মাঠে অনুষ্ঠিত হবে বিশ্বের সবচেয়ে বড় এ ক্লাস।

ইউএনও বলেন, অনুষ্ঠান হবে দুই পর্বে। প্রথম পর্বে এক থেকে দেড় ঘণ্টার ব্যবহারিক ক্লাস হবে এবং দ্বিতীয় পর্বে হবে আলোচনা সভা। উপজেলার ৮০ জন বিজ্ঞান ও আইসিটিবিষয়ক শিক্ষক এতে সহায়তা করবেন।

আয়োজকরা জানান, লেখক ও অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল এতে নেতৃত্ব দেবেন। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান, বিসিবি সভাপতি ও কিশোরগঞ্জ-৬ আসনের সংসদ সদস্য নাজমুল হাসান পাপনসহ অনেকে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। অস্ট্রেলিয়ায় জাতীয় বিজ্ঞান সপ্তাহ উপলক্ষে গত বছরের ১৬ আগস্ট একসঙ্গে দুই হাজার ৯০০ স্কুল শিক্ষার্থীকে নিয়ে বিজ্ঞানবিষয়ক ক্লাস নেওয়া হয়। কুইন্সল্যান্ডের ব্রিসবেনে অনুষ্ঠিত ওই ক্লাস গিনেস রেকর্ড বুকে স্থান পায়। ওই রেকর্ড ভেঙে বাংলাদেশের নাম গিনেস বুকে তোলার উদ্দেশ্যে কুলিয়ারচর উপজেলা প্রশাসন এ উদ্যোগ নিয়েছে।

**উদ্দেশ্য গিনেস রেকর্ড বুকে অন্তর্ভুক্ত হওয়া**

সংবাদ সম্মেলনে বলা হয়, এ আয়োজনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে। আগামী প্রজন্ম বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি বিষয়ে উৎসাহিত হবে।

ইউএনও বলেন, 'আমরা বিজ্ঞান ও আইসিটিবিষয়ক বিশ্বের সবচেয়ে বড় ব্যবহারিক ক্লাস করে গিনেস বিশ্ব রেকর্ড বুকে বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত করতে চাই। এ জন্য গণমাধ্যমকর্মীসহ সব শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা কামনা করি।'

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) শাহ্ নুসরাত জাহান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আলতাফ হোসেন ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবদুল আজিজ উপস্থিত ছিলেন।